## ৬ অপারগতা নোট

নিউক্লিয়ার মেডিসিন বিভাগে পরীক্ষার জন্য ব্যবহৃত রেডিও-আইসোটোপ বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের সাভারস্থ পরমাণু শক্তি গবেষণা প্রতিষ্ঠান থেকে উৎপাদিত অথবা বিদেশ হতে আমদানীকৃত। অনিবার্য কারণ বশত: পূর্ব নির্ধারিত তারিখে রেডিও-আইসোটোপ পাওয়া না গেলে, পরীক্ষা করা সম্ভব হবে না; সেক্ষেত্রে পরবর্তী তারিখ ও সময় জানিয়ে দেয়া হবে। এ্যাপয়েন্টমেন্ট/সিরিয়াল নেয়ার সময় যোগাযোগের প্রয়োজনে মোবাইল নম্বর জানিয়ে রাখার জন্য অনুরোধ করা হলো।

## ৭ এ্যাপয়েন্টমেন্ট

(বোন স্ক্যান পরীক্ষাটি সম্পন্ন করতে প্রায় ৪ ঘন্টা সময় লাগবে বিধায় প্রয়োজনীয় প্রস্তুতি নিয়ে আসবেন)

তারিখ :........................

দিন :........................

সময় :........................

টেকনোলজিষ্ট স্বাক্ষর

রোগীর নাম : ........................ বয়স : ..............

ঠিকানা : ........................

........................

রোগীর স্বাক্ষর :

রোগীর অভিভাবকের স্বাক্ষর

তারিখ :

## ৮ নোটস্

........................

........................

........................

**প্রতিকারে, প্রতিরোধে আপনার পাশেই**

ইনস্টিটিউট অব নিউক্লিয়ার মেডিসিন এন্ড এ্যালায়েড সায়েন্সেস, চট্টগ্রাম।

আর্তমানবতার সেবায়
বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন
সেপ্টেম্বর ২০১৯

# বোন স্ক্যান

**পরীক্ষার জন্য**

- ❑ পূর্ব-প্রস্তুতি
- ❑ মায়েদের জন্য সতর্কতা
- ❑ পরীক্ষার দিনের নির্দেশনা
- ❑ স্ক্যান হয়ে যাবার পর নির্দেশনা
- ❑ রিপোর্ট প্রদান
- ❑ অপারগতা নোট
- ❑ এ্যাপয়েন্টমেন্ট
- ❑ নোটস্

# নির্দেশিকা

## গামা ক্যামেরা বিভাগ



সেবা আর মমতায়
প্রযুক্তির উৎকর্ষতায়

**ইনস্টিটিউট অব নিউক্লিয়ার মেডিসিন এন্ড এ্যালায়েড সায়েন্সেস**
(বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন)
Institute of Nuclear Medicine & Allied Sicences, Chattogram
(বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের একটি প্রতিষ্ঠান)

চট্টগ্রাম মেডিকেল কলেজ
হাসপাতাল ক্যাম্পাস, চট্টগ্রাম।

০৩১-৬২১৮১১
০৩১-৬৩০১৭৮

inmaschittagongbaec@gmail.com

## ১ বোন স্ক্যান পরীক্ষার জন্য নির্দেশিকা

### পূর্ব প্রস্তুতি

১। বোন স্ক্যান (Bone Scan) : এই সেবাটির জন্য রোগী, রোগীর অভিভাবকের পূর্ণ সম্মতি থাকতে হবে।

২। পর্যাপ্ত প্রস্তুতি ও শৃঙ্খলা : সঠিক সফল সেবার জন্য আবশ্যক।

৩। সর্বশেষ বোন স্ক্যান রিপোর্ট এবং অন্যান্য প্রয়োজনীয় রোগ ইতিহাস, পরীক্ষা-নিরীক্ষার কাগজপত্র, চিকিৎসকের ব্যবস্থাপত্র ও রেফার নোট সংগে নিয়ে আসবেন।

৪। রোগীর শরীরে যে কোন ধাতব বস্তু থাকলে যেমন- গয়না-অলংকার, বেল্ট, চাবি, তাবিজ-কবজ, ধাতব হুক, বোতাম ও মুদ্রা ইত্যাদি পরিহিত অবস্থায় আনবেন না।

৫। বোন স্ক্যান পরীক্ষাটি সম্পন্ন করতে প্রায় ৪ ঘন্টা সময় লাগবে বিধায় প্রয়োজনীয় প্রস্তুতি নিয়ে আসবেন।

৬। আইভি অথবা বেরিয়াম কন্ট্রাস্ট ব্যবহার করার ৭২ ঘন্টার মধ্যে এই পরীক্ষা করা যাবে না।

৭। শিশু ও গর্ভবতী মহিলাদের সংগে আনা যাবে না।

৮। হাঁটা-চলায় অক্ষম রোগীর ক্ষেত্রে কমপক্ষে দু'জন সাহায্যকারী আসতে হবে।

৯। রোগীকে পানি পান করানোর জন্য ২ লিটার পানি প্রয়োজন হবে।

১০। ডায়াবেটিস বা অন্যান্য রোগীদের জন্য ঔষধ নিয়মিত স্বাভাবিক নিয়মেই গ্রহণ করতে পারবেন।

১১। শিশুদের জন্য কখনও কখনও সিডেশন দেওয়া প্রয়োজন হতে পারে (নিড্রিন, ডায়াজিপাম)।

১২। যদি কাশি থাকে, তবে কাশি নিবারণকারী ঔষধ/সিরাপ/ইনহেলার নিয়ে আসবেন।

## ২ মায়েদের জন্য সতর্কীকরণ

আপনি যদি গর্ভধারণ করছেন বলে মনে করেন অথবা আপনি যদি গর্ভবতী বা বর্তমানে শিশু দুগ্ধদানকারীনী মা হয়ে থাকেন, তবে আপনার পরমাণু চিকিৎসায় যে কোন পরীক্ষার পূর্বেই এই বিষয়টি অবশ্যই কর্তব্যরত চিকিৎসক/দায়িত্বপ্রাপ্ত চিকিৎসা পদার্থবিদ/প্রযুক্তিবিদ-কে অবহিত করুন।

## ৩ বোন স্ক্যান পরীক্ষার দিনের নির্দেশনা

১। বোন স্ক্যান পরীক্ষার জন্য "না খেয়ে" থাকার কোন প্রয়োজন নেই।

২। বোন স্ক্যান পরীক্ষার দিন সকালে রোগীকে প্রাতরাশ (নাস্তা, পানি, চা/কফি ইত্যাদি) করিয়ে নিয়ে আসবেন এবং পূর্ণ সম্মতিতে রেজিস্ট্রেশন করবেন (সকাল ৭.৩০ - ৮.০০ টার মধ্যে)।

৩। রেজিস্ট্রেশন কিউতে সময় বেশী লাগলে গামা ক্যামেরা বিভাগে এসে যোগাযোগ করবেন।

৪। রেজিস্ট্রেশনের সময় ডিজিটাল নম্বরসহ দিন, তারিখ ও সময় মিলিয়ে ক্যাশ মেমো ও বিনিময়কৃত অর্থ বুঝে নিবেন।

৫। রশিদ ছাড়া কারো সাথে কোন প্রকার টাকা পয়সা লেনদেন করবেন না।

৬। ইনজেকশন দেবার পর প্রায় দুই লিটার পানি পান করতে হবে (প্রতি গ্লাস ২৫০ মিলি হিসেবে ৬-৮ গ্লাস পানি পান করতে হবে)। কিডনী রোগীগণ চিকিৎসকের নির্দেশনা অনুযায়ী বরাদ্দকৃত পানি পান করবেন।

৭। ঘন ঘন প্রস্রাব করে মূত্রথলি খালি রাখতে হবে।

৮। পরীক্ষা শুরুর পূর্বে রোগীকে প্রস্রাব করতে হবে।

৯। ক্যাথেটার বা ইউরিন ব্যাগ থেকে যেন প্রস্রাব বেরিয়ে আসতে না পারে, সেদিকে বিশেষ নজর রাখতে হবে। প্রয়োজনে একসেট অতিরিক্ত পোষাক নিয়ে আসবে।

১০। গামা ক্যামেরা বিভাগের পরামর্শ অনুযায়ী পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত রোগীদের জন্য নির্ধারিত অপেক্ষমান স্থানে অবস্থান করতে হবে।

১১। অপেক্ষমানকালীন সময়ে স্বাভাবিকভাবে পত্র-পত্রিকা, বই-পুস্তক পড়া, রেডিও, স্মার্টফোন বা ট্যাব ইত্যাদিতে গান শোনা, গেম খেলা উপভোগ করতে পারবেন। চা, কফি, দুধ, কোমল পানীয় পান করতে পারবেন।

১২। পরীক্ষা হয়ে যাওয়ার পর রোগী বাসায় বা বাড়ীতে যেতে পারবেন ও সকল স্বাভাবিক কাজ-কর্ম করতে পারবেন।

## ৪ স্ক্যান হয়ে যাবার পরের ২৪ ঘন্টা

স্ক্যান হয়ে যাবার পর (পরবর্তী ২৪ ঘন্টা) যথেষ্ট পরিমাণে পানি/পানীয় পান করবেন। বাসায় বা বাড়ীতে গিয়ে শিশু ও গর্ভবতী মহিলাদের কাছ থেকে ১ দিন দূরে থাকবেন। এতে শিশু ও গর্ভবতী মায়েরা তেজস্ক্রীয়তার স্বাস্থ্য ঝুঁকি থেকে নিরাপদ থাকবে।

## ৫ রিপোর্ট প্রদান

দুই বা এক কর্মদিবসের মধ্যে ডাটা প্রসেসিং ও রিপোর্ট তৈরী হয়ে যাবে। রিপোর্ট ডেলিভারী সেকশন থেকে রিপোর্ট সংগ্রহ করবেন। চিকিৎসক/টেকনোলজিষ্ট আপনার রোগ ইতিহাস ও চিকিৎসা সংক্রান্ত তথ্যাদি জানতে চাইবে এবং তা নোট করে রাখবেন। সেক্ষেত্রে আপনার সহযোগীতা প্রয়োজন।